

ভর্তি

বুটেক্সে ভর্তি পরীক্ষা, বন্ধ থাকবে ক্যাম্পাসের ইন্টারনেট

নিজস্ব প্রতিবেদক ঢাকা

আপডেট: ০৬ মার্চ ২০২৫, ১০: ১৯



প্রথম আলো ফাইল ছবি

বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ে (বুটেক্স) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে আগামীকাল শুক্রবার (৭ মার্চ)। পরীক্ষার সুষ্ঠু ও নিরাপদ পরিবেশ নিশ্চিত করে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, আবাসিক এলাকা এবং হলগুলোর ইন্টারনেট ওয়াই-ফাই সেবা ৩২ ঘণ্টা বন্ধ থাকবে।

গত বুধবার (৫ মার্চ) বুটেক্সের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, পরীক্ষা চলাকালে নিরাপত্তা রক্ষার্থে আগামীকাল বৃহস্পতিবার (৬ মার্চ) সকাল ৯টা থেকে শুক্রবার (৭ মার্চ) বিকেল ৫টা পর্যন্ত ক্যাম্পাসের ওয়াই-ফাই সংযোগ বন্ধ থাকবে। বিশ্ববিদ্যালয় প্রশাসনের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হয়েছে। পরীক্ষা চলাকালে প্রশ্নপত্র ফাঁস ও

যেকোনো ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি এড়াতেই ইন্টারনেট সংযোগ সাময়িকভাবে বন্ধ রাখার এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এবারের ভর্তি পরীক্ষায় ১১টি বিভাগে মোট ৬৪০ জন শিক্ষার্থী সুযোগ পাবেন। এর মধ্যে ইয়ার্ন ইঞ্জিনিয়ারিং, ফেব্রিক ইঞ্জিনিয়ারিং, ওয়েট প্রসেস ইঞ্জিনিয়ারিং, অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং এবং টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্ট বিভাগে ৮০টি করে আসন রয়েছে। টেক্সটাইল ফ্যাশন অ্যান্ড ডিজাইন, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল মেশিনারি ডিজাইন অ্যান্ড মেইনটেন্যান্স, ডাইজ অ্যান্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এবং টেক্সটাইল ম্যাটেরিয়ালস ইঞ্জিনিয়ারিং বিভাগগুলোতে ৪০টি করে আসন নির্ধারিত হয়েছে।

